

■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৪৯

৬. সদাচারণ ও ন্যায়নির্ণয় সংশ্লিষ্ট কিতাব (كتابُ البرِّ وَالْإِحْسَانِ)

পরিচেছেন: সন্তানের সাথে সদাচারণের মাধ্যমে কোন কোন সময় জাহানাম থেকে পরিত্রাণ ও জান্মাতে প্রবেশের আশা করা যায়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْإِحْسَانَ إِلَى الْأَوْلَادِ قَدْ يُرْتَجِي بِهِ النَّجَاةُ مِنَ النَّارِ وَدُخُولُ الْجَنَّةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ بِسْتَ حَدَّثَنَا قَتِيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا بَكْرُ بْنُ مُضْرَ عَنْ أَبْنِ الْهَادِ أَنَّ زِيَادَ بْنَ أَبِي زِيَادٍ مَوْلَى أَبْنِ عَيَّاشٍ حَدَّثَهُ عَنْ عِرَاكَ بْنِ مَالِكٍ قَالَ: سَمِعْتُهُ يُحَدِّثُ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ: عَنْ عَائِشَةَ قَالَتْ: جَاءَتِنِي مِسْكِينَةٌ تَحْمِلُ ابْنَتَيْنِ لَهَا فَأَطْعَمْتُهَا ثَلَاثَ تَمَرَاتٍ فَأَعْطَتْ كُلَّ وَاحِدَةٍ مِنْهُمَا تَمْرَةً وَرَفَعَتْ إِلَيَّ فِيهَا تَمْرَةً لِتَأْكُلُهَا فَاسْتَطَعْمَتَاهَا ابْنَتَاهَا فَشَقَّتِ التَّمْرَةُ الَّتِي كَانَتْ تُرِيدُ أَنْ تَأْكُلُهَا بَيْنَهُمَا فَأَعْجَبَنِي حَنَانُهَا فَذَكَرْتُ الَّذِي صَنَعْتُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (إِنَّ اللَّهَ قَدْ أَوْجَبَ لَهَا الْجَنَّةَ وَأَعْتَقَهَا بِهَا مِنَ النَّارِ).

الراوي : أنس بن مالك | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليق الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 449 | خلاصة حكم المحدث: صحيح -

বাংলা

৪৪৯. ‘আয়িশা রাষ্ট্রিয়ান্নাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমার কাছে একজন অসহায় নারী তার দুই মেয়েকে কোলে নিয়ে আসলো। অতঃপর আমি তাকে তিনটি খেজুর খেতে দিলাম। তিনি তার প্রত্যেক মেয়েকে একটি করে খেজুর দিলেন আর একটি খেজুর নিজের মুখে তুললেন খাওয়ার জন্য। কিন্তু মেয়ে দুটি তার কাছে খেজুর চাইলো, ফলে তিনি যে খেজুরটি খেতে চাইছিলেন, তা তাদের দুইজনের মাঝে ভাগ করে দিলেন। তার মেহ-মায়া-মমতা দেখে আমি অবাক হলাম। অতঃপর তার ব্যাপারটি আমি রাসূল সাল্লান্নাহু আলাইহি ওয়া সাল্লামকে বললাম। তখন রাসূল সাল্লান্নাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “নিশ্চয়ই আল্লাহহ এজন্য তাকে জাহানাম থেকে মুক্তি দিয়ে তার জন্য জান্মাত অবধারিত করে দিয়েছেন।”[1]

ফুটনেট

[1] মুসনাদ আহমাদ: ৯/৯২; সহীহ মুসলিম: ২৬৩০; ইবনু মাজাহ: ৩৬৬৮।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাত্তুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাত্তুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তালীক ‘আলা ইবনু মাজাহ: ৩/৩৯০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88913>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন